

পত্র নং- ৩৩.০২.০০০০.১১০.৫০.০০১.১৬- ৮৫৭


তারিখঃ ২১/১২/২০১৭ খ্রি.

বিষয়ঃ মৎস্য অধিদপ্তরের আওতাধীন অনিষ্পন্ন অডিট আপত্তির তালিকা বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে মিলিকরণ (reconcile) করে চূড়ান্ত তালিকা প্রস্তুতকরণ ও জরুরি ভিত্তিতে প্রেরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং- ৩৩.০০.০০০০.১১০.০৬.০০১.৯৯-৪১০, তারিখঃ ১২/০৯/২০১৭
২। মৎস্য অধিদপ্তরের পত্র নং- ৩৩.০২.০০০০.১১০.৫০.০০১.১৬-৬২১, তারিখঃ ০৫/১০/২০১৭ খ্রি.
৩। মৎস্য অধিদপ্তরের পত্র নং- ৩৩.০২.০০০০.১১০.৫০.০০১.১৬-৭৪৯, তারিখঃ ১৬/১১/২০১৭ খ্রি.
৪। মৎস্য অধিদপ্তরের পত্র নং- ৩৩.০২.০০০০.১১০.৫০.০০১.১৬-৭৯৫, তারিখঃ ৩০/১১/২০১৭ খ্রি.

উল্লিখিত বিষয় ও সূত্রোক্তপত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বিগত ২৭/০৮/১৭ খ্রি. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এ অনুষ্ঠিত মৎস্য অধিদপ্তর ও মন্ত্রণালয়স্বতন্ত্র সব সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তি পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক স্থায়ী অধিক্ষেত্রের অনিষ্পন্ন অডিট আপত্তির হালনাগাদ তালিকা বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে মিলিকরণ করে ০৭(সাত) দিনের মধ্যে চূড়ান্ত তালিকা প্রস্তুত করার জন্য সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছিল। প্রায় দেড় মাস অতিবাহিত হওয়ার পরও চাহিত মিলিকরণ (reconciliation) পাওয়া যায়নি বিধায় ৩নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে পুনরায় চাহিত মিলিকরণ (reconciliation) চূড়ান্ত তালিকা প্রস্তুত করে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। বিগত ২৩/১১/১৭ তারিখ অনুষ্ঠিত অনিষ্পন্ন অডিট আপত্তি সংক্রান্ত ৪র্থ পর্যালোচনা সভায় অতিরিক্ত সচিব মহোদয় নির্ধারিত সময়ের মধ্যে মিলিকরণ সম্পন্ন করতে না পারায় ক্ষোভ প্রকাশ করেন।

এমতাবস্থায়, চাহিত মিলিকরণ (reconcile) তালিকা সম্পন্ন করে জরুরি ভিত্তিতে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।



(মোঃ রমজান আলী)

উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব)

ফোন- ০২-৯৫৬৯৩৫৫

ই-মেইল-ddadmin@fisheries.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, সিজিএ ভবন, চট্টগ্রাম।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/সিলেট বিভাগ, সিলেট/ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, বরিশাল/রংপুর বিভাগ, রংপুর (স্থায়ী দপ্তরসহ অধঃস্তন সকল দপ্তরের ডাটাবেজের রিকনসিলিয়েশন)
৩. উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, খুলনা।
৪. অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর।
৫. প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়কারী পরিচালক/কর্মসূচী সমন্বয়কারী পরিচালক,
৬. প্রকল্প পরিচালক, বাঁওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজশ্ব), আরবপুর, যশোর (স্থায়ী দপ্তরসহ অধঃস্তন সকল দপ্তরের ডাটাবেজের রিকনসিলিয়েশন।
৭. আঞ্চলিক মৎস্য কর্মকর্তা, কক্সবাজার/কালিগঞ্জ, সাতক্ষীরা।
৮. অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র, ফরিদপুর।
৯. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর, লক্ষ্মীপুর।
১০. অডিট অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (প্রধান কার্যালয় ও সমাপ্ত প্রকল্পের জন্য)।
১১. প্রোগ্রামার, আইসিটি শাখা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

